আগামীকাল গাংনী মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ ওয়ার্ডের উপনির্বাচন

গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপ-নির্বাচন আগামিকাল বৃহস্পতিবার (২৫ মে) অনুষ্ঠিত হবে।

মটমুড়া ইউনিয়ন পরিষদের শুন্য ওয়ার্ডের উপনির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন ও উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সকল ধরনের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।

মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপ নির্বাচনের রির্টানিং অফিসার ও গাংনী উপজেলা নির্বাচন কমকর্তা আব্দুল আজিজ বলেন, মটমুড়া ইউনিয়নের ২ নং ওয়ার্ডের উপ-নির্বাচনে মোট ২ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বীতা করছেন। তারা হলেন, ওই ওয়ার্ডের প্রয়াত সদস্য (মেম্বর) আব্দুস সোবহানের স্ত্রী মোছা: পলি আরা (মোরগ) ও মো: কামাল হোসেন (টিউবওয়েল)। হোগলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ে দুটি ভোট কেন্দ্র স্থাপন করা হয়েছে। মোট ভোটার সংখ্যা ৬৩৯৭ জন। এদের মধ্যে নারী ভোটার সংখ্যা ৩১৮২ এবং পুরুষ ভোটার সংখ্যা ৩২১৫ জন।

উল্লেখ্য, চলতি বছরের ফেব্রুয়ারি মাসে ওই ওয়ার্ডের মেম্বর আব্দুস সোবহান নিজ বাড়িতে হলুদ সিদ্ধ করতে গিয়ে গরম পানির কড়াইয়ের মধ্যে পড়ে ঝলসে যায়। ঢাকা শেখ হাসিনা বার্ন হাসপাতালে চিকিৎসাধীন থাকা অবস্থায় মারা যান তিনি। পরে এই ওয়ার্ডটি শুন্য ঘোষণা করেন নির্বাচন কমিশনার।

এদিকে নির্বাচন অবাধ সুষ্ঠ ও নিরপেক্ষ করতে সব ধরণের প্রস্তুতি নিয়েছে নির্বাচন কমিশন। আজ বুধবার দুপুরের দিকে নির্বাচনী সরঞ্জামসহ, প্রিজাইডিং অফিসারসহ নিরাপত্তার কাজে নিয়োজিত পুলিশ আনসারদের ভোট কেন্দ্রে পৌছানোর নির্দেশ দেওয়া হয়েছে।

গাংনীতে ২ কেজি গাঁজাসহ একজন আটক

গাংনী উপজেলার লক্ষিনারায়নপুর ধলা গ্রামে পুলিশ অভিযান চালিয়ে ২ কেজি গাঁজাসহ ইন্তাজ আলী (৫৫) কে আটক করেছে।

আটক ইন্তাজ আলী লক্ষিনারায়নপুর ধলা গ্রামের মৃত আকছেদ আলীর ছেলে। গোপন সংবাদের ভিত্তিত্বে গতকাল সোমবার দিবাগত মধ্যরাতে গাংনী থানার এসআই শাহিন মিয়া, এসআই সইবুর রহমা, এসআই আয়ূব হোসেন, এসআই তুষার সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে তার ঘরের ভিতর থেকে এই গাঁজা উদ্ধার করেন। এসময় বাড়ির মালিক ইন্তাজ আলীকে আটক করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেন।

তিনি বলেন, মাদক কারবারি ইন্তাজ আলী এলাকার শীর্ষ মাদক কারবারি। বিক্রির উদ্যোশ্যে গাঁজা বাড়িতে রেখেছিলেন তিনি। গোপন সংবাদের ভিত্তিত্বে অভিযান চালিয়ে গাঁজাসহ তাকে আটক করা হয়।

গাঁজা উদ্ধারের ঘটনায় গাংনী থানা পুলিশ বাদী হয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করেছেন। আটক ইন্তাজকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে উপজেলা আওয়ামী লীগের বিক্ষোভ-সমাবেশ অনুষ্ঠিত

রাজশাহীতে দেয়া বিএনপির এক নেতার বক্তব্যের প্রতিবাদে এবং তাকে গ্রেফতার দাবীতে ফুসে উঠেছে গাংনীর আওয়ামীলীগ ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হুমকি দেয়ার প্রতিবাদে মেহেরপুরের গাংনী উপজেলা আওয়ামী লীগের উদ্যোগে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে ।

মিছিলে নেতৃত্ব প্রদান করেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

সোমবার বিকেলে গাংনী উপজেলা শহরের প্রধান প্রধান সড়কে একটি বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। মিছিল শেষে গাংনী সিদ্দিকীয়া সিনিয়র মাদ্রাসা প্রাঙ্গণে সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে সভাপতিত্ব করেন উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম।

গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলামের সঞ্চালনায়-সমাবেশে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

এসময় বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দ।

সমাবেশে প্রধান অতিথির বক্তব্যেই সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন,প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে হুমকি প্রদানকারীকে আইনের আওতায় আনতে হবে। সেই সাথে যারা প্রতিনিয়ত দেশে নানা রকম ষড়যন্ত্র করার পায়তারা করছে,তাদের প্রতিহত করতে বঙ্গবন্ধুর সৈনিকরা সবসময় প্রস্তুত।

গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুকুলের বিক্ষোভ মিছিল

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার হুমকি দেওয়ার প্রতিবাদে মেহেরপুরের গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুলের উদ্যোগে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২২ মে) বিকাল ৫টার দিকে গাংনী থানার রোড় থেকে একটা বিক্ষোভ মিছিল বের হয়ে বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়।

বিক্ষোভ মিছিল শেষে একটি প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে গাংনী পৌর ছাত্রলীগের সভাপতি ডালিম রানার সঞ্চালনায় এবং মটমুড়া ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল বারীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল।

এসময় আরো বক্তব্য রাখেন গাংনী উপজেলা ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টু, গাংনী পৌর ছাত্রলীগের সাধারণ সম্পাদক নাসিরুল ইসলাম মোহন সহ উপজেলা আওয়ামীলীগ ও সহোযোগি সংগঠনের নেতা- কর্মীরা।

গাংনীতে গাঁজাসহ নারী মাদক ব্যবসায়ী আটক

গাংনীর ভবানীপুর পুলিশ ক্যাম্প অভিযান চালিয়ে ৫০০ গ্রাম গাঁজাসহ মার্জিয়া খাতুন ওরফে ময়না (৪৫) নামের এক নারী মাদক ব্যবসায়ীকে আটক করেছেন।

মাজিয়া খাতুন ওরফে ময়না কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার মনাইকুন্ডি গ্রামের বাদল মোল্লার স্ত্রী।

আজ সোমবার (২২ মে) সকাল সাড়ে ৮ টার সময় বামন্দী-বেতবাড়িয়া সড়কের রামনগর বাজারের কাছ থেকে ওই নারী মাদক ব্যবসায়ীকে আটক করে ভবানীপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ আবুল কালাম আজাদ ও তার সঙ্গীয় ফোর্স।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেন।

তিনি জানান, নারী মাদক ব্যবসায়ী ময়না খাতুন পুটলার মধ্যে করে গাঁজা নিয়ে বামন্দীর দিকে যাচ্ছিলেন রামনগর বাজারের উপর তাকে পুলিশ চেক করে গাঁজা পান। পরে তাকে গ্রেফতার করে গাংনী থানা পুলিশে হস্তান্তর করেন।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় একটি মামলা দায়ের করেন পুলিশ।

আজ সোমবার দুপুরের দিকে আটক ময়না খাতুনকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনী সরকারি ডিগ্রি কলেজ ছাত্রলীগের বিক্ষোভ মিছিল

বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার হুমকি দেওয়ার প্রতিবাদে মেহেরপুরের গাংনী সরকারি ডিগ্রি কলেজ শাখা ছাত্রলীগের উদ্যোগে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (২২শে মে) সকাল সাড়ে ১১টার দিকে গাংনী সরকারি ডিগ্রি কলেজ চত্বর থেকে একটা বিক্ষোভ মিছিল বের হয়ে বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়।

বিক্ষোভ মিছিলে গাংনী সরকারি ডিগ্রি কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদের সঞ্চালনায় সভাপতিত্ব করেন গাংনী সরকারি ডিগ্রি কলেজ ছাত্রলীগের সভাপতি শাহিন রেজা। এসময় গাংনী সরকারি ডিগ্রি কলেজের ছাত্রলীগের নেতাকর্মীরা বিক্ষোভ মিছিলে অংশগ্রহণ করেন।

বামন্দী ইউপির চেয়ারম্যান কমলের উন্মুক্ত ওয়ার্ড সভা

অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী ইউনিয়ন পরিষদের উদ্যোগে এস ডি জি বাস্তবায়নের লক্ষ্যে ওয়ার্ড পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা শীর্ষক উন্মুক্ত ওয়ার্ড সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২০ই মে) বিকেলে উপজেলার বামন্দী ইউনিয়নের (৭নং ওয়ার্ড) দেবীপুর ডি জে এম সি মাধ্যমিক বিদ্যালয় ও (৪নং ওয়ার্ড) বালিয়াঘাট সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে দুটি পৃথক ওয়ার্ড সভা অনুষ্ঠিত হয়।

দেবিপুর গ্রামের ওয়ার্ড সভায় সভাপতিত্ব করেন ৭নং ওয়ার্ড ইউপি সদস্য মোঃ হীরক আলী এবং বালিয়াঘাট গ্রামের ওয়ার্ড সভায় সভাপতিত্ব করেন গাংনী উপজেলা কৃষক লীগের সাবেক সভাপতি মোশাররফ হোসেন।

পৃথক দুটি ওয়ার্ড সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও বামন্দী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ ওবায়দুর রহমান কমল।

এ সময় বীর মুক্তিযোদ্ধা মো: আব্দুল বাকী,বামন্দী ইউনিয়নের সচিব মোঃ মনিরুল ইসলাম, বামন্দী ইউপির সদস্য আশাদুল হক, ইউপি সদস্য মোছাঃ হাজেরা খাতুন, ইউপি সদস্য মোছাঃ সাগরী খাতুন, বামন্দী ইউপির সাবেক সদস্য হাবিল উদ্দিন ও রবিউল ইসলাম সহ গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং এলাকাবাসী উপস্থিত ছিলেন।

গাংনীতে মদ ও গাঁজাসহ মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে ডিবি

মেহেরপুরের গাংনী উপজেলার সহড়াতলা গ্রামে অভিযান চালিয়ে ৭ বোতল মদ ও এক কেজি গাঁজাসহ ইকরামুল হক নামের এক মাদক কারবারিকে

গ্রেফতার করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।
গ্রেফতারকৃত ইকরামুল হক ওই গ্রামের বাগানপাড়ার ইকতার আলী ছেলে। গতকাল শুক্রবার (১৯ মে) বিকালের দিকে ডিবির এসআই আশরাফুলের নেতৃত্বে পুলিশের একটি দল সেখানে অভিযান চালায়। অভিযানে এসআই কাহী মহসিন, এএসআই নো: হেলাল উদ্দিন অংশ নেন।এসময় তার বাড়িতে তল্লাশি চালিয়ে সাত বোতল মদ ও এক কেজি গাঁজা উদ্ধার করে। এঘটনায় গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে।

গাংনীতে চিরকুট লিখে বন্ধুর বাড়িতে যুবকের আত্মহত্যা

মেহেরপুরের গাংনী উপজেলার কাজীপুর ইউনিয়নের বেতবাড়ীয়া গ্রামে স্ত্রী-বাবা ও মায়ের উপর অভিমানে চিরকুট লিখে বন্ধুর বাড়িতে আত্মহত্যা করেছেন সাইদুল ইসলাম (২০) নামের এক যুবক। যুবক সাইদুল বেতবাড়ীয়া গ্রামের রিফুজীপাড়ার শাহিন আলীর ছেলে।

শুক্রবার সকালের দিকে বেতবাড়ীয়া গ্রামের পূর্বপাড়ার বন্ধু পারভেজ আলীর ঘরের আড়ার সাথে গলায় রশি পেঁচানো সাইদুলের মরদেহ উদ্ধার করে গাংনী থানা পুলিশ।

স্থানীয়রা জানান কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার সিহালা গ্রামের ইকবাল হোসেনের মেয়ে ফাতেহা খাতুনের সাথে প্রেমেজ সম্পর্কের সূত্র ধরে এক বছর আগে বিয়ে হয় সাইদুলের। সাইদুল ঢাকার একটি কোম্পানীতে চাকরী করে আসছিলেন। তিনি কয়েকদিন পূর্বে (আগে) ছুটিতে বাড়িতে আসেন। বাড়িতে এসে শুনেন স্ত্রী ফাতেহা তাকে তালাক দিয়ে বাবার বাড়িতে চলে গেছেন। এনিয়ে অভিমানে সাইদুল তার বাবা- মায়ের সাথে অসদাচরণ করেন। এক পর্যায়ে সে বাবা-মায়ের উপর অভিমানে বন্ধু একই গ্রামের পারভেজ আলীর বাড়িতে আশ্রয় নেন।

বৃহস্পতিবার রাতে খাবার খাওয়ার পর সাইদুল তার বন্ধু পাভেজ এর বাড়িতে শুয়ে পড়েন। বন্ধুর পারভেজ ঘুমিয়ে গেলে,সাইদুল ওই ঘরের আড়ার সাথে গলায় রশি পেঁচিয়ে আত্মহত্যা করেন। সকালে ঘুম থেকে উঠে পারভেজ দেখেন সাইদুলের মরদেহ ঘরের আড়ার সাথে ঝুলছে। পরে পুলিশকে

খবর দেয়া হয়।

এদিকে আত্মহত্যার আগে সাইদুল একটি চিরকুট লিখেছেন। তার মৃত্যুর জন্য কেউ দায়ি নয় এমন কথা লিখেছেন চিরকুটে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান প্রাথমিক ভাবে মনে হচ্ছে এটি একটি আত্মহত্যা।

গাংনী উপজেলা সাব রেজিস্ট্রি অফিস ভবনের ভিত্তি প্রস্তুর স্থাপন

প্রায় ৪ কোটি ৮৫ লাখ টাকা ব্যায়ে গাংনী উপজেলা সাব রেজিস্ট্রি অফিসের ৪ তলা ভবনের ভিত্তি প্রস্তুর স্থাপন করা হয়েছে।

গাংনী উপজেলা পরিষদ কমপ্লেক্সের ভিতরে আজ বৃহস্পতিবার (১৮ মে) সকাল ১১ টার সময় মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন আনুষ্ঠানিকভাবে ভিত্তিপ্রস্তর স্থাপনের নাম ফলক উন্মোচন করেন।

এসময় বিশেষ অতিথি ছিলেন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক, মেহেরপুর গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী শম্ভুরাম পাল, গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী।

মেহেরপুর জেলা রেজিস্ট্রার (ডিআরও) মো: সাইফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এই ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা সাব রেজিস্ট্রার মাহফুজ রানা, ও ঠিকাদার প্রতিষ্ঠা বাবর এসোসিয়েটের পক্ষে মো: মাহবুব হোসেন।

উল্লেখ্য, ৪ কোটি ৮৫ লাখ টাকা প্রাথমিক ব্যায় ধরা হয়েছে। চার তলা ভবনের ভিত্তিপ্রস্তুর করা হলেও এখন দোতালা পর্যন্ত নির্মিত

হবে গাংনী উপজেলা সাব রেজিস্ট্রার ভবণ।